দৈনিক বাংলা

তারিখ 18 MAY 1987
পৃষ্ঠা 1 কলাম 1

৩রা জৈষ্ঠ ১৩৯৪

006



সরকারী ও বেসরকারী স্কুল ও কলেজ শিক্ষক প্রতিনিধিরা রোববার প্রেসিডেন্টের সচিবালয়ে প্রেসিডেন্ট এরশাদের সঙ্গে সাক্ষাৎ করেন

# শিক্ষার মান উন্নত করুন ঃ এরশাদ

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি, বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতি, বাংলাদেশ বেসরকারী স্কুল শিক্ষক সমিতি ও বাংলাদেশ সরকারী স্কুল শিক্ষক সমিতির নেতৃবৃন্দ রোববার সন্ধ্যায় প্রেসিডেন্টের সচিবালয়ে প্রেসিডেন্ট এইচ এম এরশাদের সঙ্গে দেখা করেন।

বাসসর খবরে প্রকাশ, বৈঠকে প্রেসিডেন্ট এরশাদ শিক্ষকদের প্রতি দেশে শিক্ষার মানোন্নয়নে সর্বাত্মক প্রয়াস চালানোর আহ্বান জানান। তিনি বলেন: আমরা যদি আমাদের ভবিষ্যৎ বংশধরদের যথাযথভাবে শিক্ষিত করে তুলতে পারি, তাহলে দেশের সার্বিক উন্নয়নের পথে একটা বড় বাধা কাটিয়ে উঠতে সক্ষম হবো।

শিক্ষকদের অবস্থার উন্নতির জন্য তাঁর সরকারের গৃহীত বিভিন্ন ব্যবস্থার কথা উল্লেখ করে প্রেসিডেন্ট বলেন, শিক্ষকদের আজ সমাজে এক সম্মানজনক অবস্থানে প্রতিষ্ঠিত করা হয়েছে। তিনি বলেন, বর্তমান সরকার শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন এবং এই খাতে সর্বাধিক অর্থ বরাদ্দ দেয়া হয়েছে।

তিনি বলেন, এসব কিছু শিক্ষা খাতের উন্নয়নে তাঁর সরকারের আন্তরিকতারই বহিঃপ্রকাশ। এ প্রসঙ্গে তিনি শিক্ষকদের প্রতি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার প্রয়াস চালানোর আহ্বান জানান।

তিনি বলেন, আমাদের সন্তানদের অর্থবহ শিক্ষার ব্যবস্থা করার জন্যে এটাই হচ্ছে প্রধান পূর্ব-শর্ত। তিনি তাঁদের প্রতি যে কোন মহলের শিক্ষার পরিবেশ কলুষিত করার চেষ্টা প্রতিরোধ করার আহ্বান জানান।

(৫-এর পৃঃ দ্রঃ)

## শিক্ষার মান উন্নত

(১-এর পৃঃ পর)

প্রেসিডেন্ট এরশাদ বলেন, শিক্ষকদের সমস্যা দূর করতে তিনি সম্ভব সকল প্রচেষ্টা চালাবেন। তিনি আশা প্রকাশ করেন যে শিক্ষকরা যোগ্য নাগরিক গড়ে তোলার মাধ্যমে জাতির প্রতি দায়িত্ব পালন করে যাবেন। এই যোগ্য নাগরিকরাই জাতীয় জীবনের সকল ক্ষেত্রে ভবিষ্যৎ নেতৃত্ব গ্রহণ করবে।

এর আগে শিক্ষকদের নেতারা শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষকদের অবস্থা উন্নয়নে বিপ্লবাত্মক পদক্ষেপের জন্য প্রেসিডেন্টকে ধন্যবাদ জানান। তারা বলেন, শিক্ষা ক্ষেত্রে প্রেসিডেন্টের গৃহীত পদক্ষেপসমূহ সকল মহলে প্রশংসিত হয়েছে।

শিক্ষকরা তাদের সমস্যা সমাধানে প্রেসিডেন্টের ব্যক্তিগত উদ্যোগের জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। শিক্ষা কমিশন গঠনের জন্যও তারা প্রেসিডেন্টকে ধন্যবাদ জানান।

কলেজ শিক্ষক সমিতির সভাপতি এ কে এম শহীদুল্লাহ, সেক্রেটারী জেনারেল কাজী ফারুক আহমদ, সরকারী কলেজ শিক্ষক সমিতির আহ্বায়ক জাহানারা বেগম, বেসরকারী স্কুল শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ ও সরকারী স্কুল শিক্ষক সমিতির সেক্রেটারী জেনারেল শহীদুর রহমান অনুষ্ঠানে বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান এ সময় উপস্থিত ছিলেন।